গাংনীতে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে।

শনিবার বিকেলে গাংনী উপজেলার সাহারবাটি ফুটবল মাঠে নব নির্মিত শেখ রাসেল মিনি স্টেডিয়ামের ভিত্তি প্রস্তর স্থাপন করেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এ সময় তিনি বলেন, বাংলাদেশের প্রতিটি উপজেলায় একটি করে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মিত হচ্ছে। যা আওয়ামীলীগ সরকারের আমলে প্রথম। এর আগে কোন সরকার খেলাধুলার প্রতি এত আন্তরিক ছিলেন না বলেই এমন উদ্যোগ নেইনি। বর্তমান শেখ হাসিনা সরকার দেশব্যাপী উন্নয়নের মধ্যে এটিও একটি অন্যতম উন্নয়ন। তিনি আরও বলেন, দেশে উন্নয়ন টিকিয়ে রাখতে হলে নৌকা মার্কায় ভোট দেয়ার কোন বিকল্প নেই। রাতে একটু শান্তিতে ঘুমাতে চাইলে এবং গোয়ালের গরু রাখতে হলে আবারও শেখ হাসিনার নৌকা মার্কায় ভোট দিতে হবে।

তিনি বলেন,দেশের উন্নয়ন চাইনা যারা তারাই আজ মাঠে নেমে নৈরাজ্য সৃষ্টি করছে। ওইসব নৈরাজ্য সৃষ্টিকারী বিএনপি জামাতের কাউকে ছাড় দেয়া হবেনা। আমরা আওয়ামীলীগের কর্মী হিসেবে সকল প্রতিহিংসা,ষড়যন্ত্র মোকাবেলা কেও আবারও নৌকার বিজয় ছিনিয়ে নেব।

সাহারবাটি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তৌহিদ মূর্শেদ অতুলের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, কাজিপুর ইউয়িন পরিষদ চেয়ারম্যান আলম হুসাইন,কাথুালী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা। গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলামের সঞ্চালিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন-এমপি পত্নী লাইলা আরজুমান শিলা,আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান মাস্টার ও মনিজ্জামাান আতু প্রমুখ।

অনুষ্ঠানে সাহারবাটি ওয়ার্ড আওয়ামীলীগ নেতা আতাউর রহমান টোকন,

জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি রাকিবুল ইসলাম টুটুল, গ্রামের প্রাক্তন ফুটবল খেলোয়াড় তামজিদুর রহমান মুক্তি,গাংনী উপজেলার ভিভিন্ন এলাকার আওয়ামীলীগের নেতা-কর্মীগণ উপস্থিত ছিলেন।

টস হেরে বোলিংয়ে বাংলাদেশ, একাদশে দুই পরিবর্তন

বিশ্বকাপে নিজেদের ষষ্ঠ ম্যাচে নেদারল্যান্ডসের বিপক্ষে মাঠে নামছে বাংলাদেশ। শনিবার (২৮ অক্টোবর) কলকাতার ইডেন গার্ডেন স্টেডিয়ামে টস জিতে বাংলাদেশকে বোলিংয়ে পাঠিয়েছে ডাচরা।

জয় দিয়ে বিশ্বকাপ মিশন শুরু করেছিল বাংলাদেশ। তবে সেই ধারাবাহিকতা ধরে রাখতে পারেনি টাইগাররা। টানা চার হারে অনেকটা পিছিয়ে আছে সাকিবরা। জয়ের ধারায় ফিরতে মুখিয়ে বাংলাদেশ। এই ম্যাচে দুই পরিবর্তন নিয়ে মাঠে নামছে লাল-সবুজের প্রতিনিধিরা। কাঁধের চোট কাটিয়ে একাদশে ফিরেছেন পেসার তাসকিন আহমেদ। এছাড়া নাসুম আহমেদের পরিবর্তে একাদশে জায়গা পেয়েছেন শেখ মেহেদি।

অন্যদিকে, হার দিয়ে বিশ্বকাপ মিশন শুরু করেছিল নেদারল্যান্ডস। তবে দক্ষিণ আফ্রিকাকে হারিয়ে বড় অঘটন ঘটায় ডাচরা। এরপর শ্রীলঙ্কা ও অস্ট্রেলিয়ার কাছে বড় ব্যবধানে হারে নেদারল্যান্ডস।

বাংলাদেশ একাদশ: লিটন দাস, তানজিদ হাসান তামিম, নাজমুল হোসেন শান্ত, সাকিব আল হাসান (অধিনায়ক), মুশফিকুর রহিম, মাহমুদউল্লাহ রিয়াদ, মেহেদী হাসান মিরাজ, শেখ মেহেদি, শরিফুল ইসলাম, তাসকিন আহমেদ, মুস্তাফিজুর রহমান।

নেদারল্যান্ডস একাদশ: বিক্রমজিত সিং, ম্যাক্স ও দাউদ, কলিন আক্রম্যান, বাস ডি লিডি, উইসলি বারসি, স্কট এডওয়ার্ডস (অধিনায়ক), সাইব্রান্ড এনগেলব্রেচন্ট, রোলেফ শারিজ আহমেদ, লোগান বিক, আরিয়ান ডুট, পল ভ্যান মিকিরিন।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]

ক্রিকেট আমাদেরকে কী দিল, প্রশ্ন গ্রেগ চ্যাপেলের

কলকাতায় এক বাস ড্রাইভার। তার মুখে ভারতের ক্রিকেটের কোন খবরটা নেই, শুনলে পিলে চমকে যাবে। ক্রিকেটে বেইমানি হয়। কীভাবে সেটা বুঝিয়ে ছিলেন সেই বাস ড্রাইভার। বাস চালাতে চালাতে বলছিলেন আমাদের মহারাজ সৌরভ গাঙ্গুলি চাকরি দিয়েছিলেন চ্যাপেলকে। তাকে কোচ বানালেন সৌরভ। আর সেই চ্যাপেলই দল থেকে বাদ দিয়েছিলেন সৌরভকে।’ সম্প্রতি ভারতের সেই সাবেক কোচ গ্রেগ চ্যাপেল নাকি কষ্টে আছেন।

বাংলাদেশ ক্রিকেট দলের সাবেক কোচ ট্রেভর চ্যাপেলের ভাই চরম আর্থিক কষ্টে রয়েছেন অস্ট্রেলিয়ার কিংবদন্তি সাবেক ক্রিকেটার গ্রেগ চ্যাপেল। তার অর্থ কষ্ট লাঘব করতে এগিয়ে এসেছেন বন্ধুরা। অর্থ তুলতে এগিয়ে এসেছেন। গ্রেগ চ্যাপেলের জন্য অর্থ তোলার একটি পেজও খোলা হয়েছে। পুরোনো কথাটা আবার উঠে এসেছে। ভারতীয় ক্রিকেট দলের কোচ হিসেবে বিতর্কিত এক অধ্যায়ের জন্ম দিয়েছিলেন চ্যাপেল। গ্রেগের জন্যই দল থেকে সৌরভকে ছিটকে যেতে হয়েছিল। সৌরভ ও অজি কিংবদন্তির সম্পর্ক নিয়ে সেই সময়ে কম চর্চা হয়নি।

যাই হোক গ্রেগ চ্যাপেল অবশ্য নিজের আর্থিক সমস্যা প্রসঙ্গে জানিয়েছেন, তিনি ভালোই আছেন তবে বিলাসবহুল জীবনযাপন বলতে যা বোঝানো হয়, সেই ধরনের জীবন কাটাচ্ছেন না তিনি। চ্যাপেলকে বলতে শোনা গিয়েছে, ‘বেশির ভাগ মানুষই মনে করেন, আমরা ক্রিকেট খেলেছি। টাকা কামিয়েছি। স্বাভাবিকভাবেই বিলাসবহুল জীবনযাপন করছি। তবে আমি দুঃস্থ হয়ে গিয়েছি বলে কান্নাকাটি করছি না। একটা কথাই বলতে চাই, আজকালকার ক্রিকেটাররা যে সুযোগ সুবিধা পেয়ে থাকে, আমরা সেরকম সুযোগ সুবিধা পাইনি।’

চ্যাপেলের জন্য অর্থ তুলতে ‘গোফান্ডমি’ বলে একটি পেজ তৈরি করা হয়েছে। গত সপ্তাহে মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ডে লাঞ্চের আয়োজন করা হয়েছিল। তার আয়োজক ছিলেন এডি ম্যাকগুয়ের। গুরু গ্রেগের দুই ভাই ইয়ান, ট্রেভর চ্যাপেল-সহ সাবেক অজি তারকারা উপস্থিত ছিলেন। চ্যাপেল বলেছেন,‘আমার বন্ধুরা উপলব্ধি কিছুই আমি পাইনি। আমার সময়ের অনেকেই এমন রয়েছেন যারা অত্যন্ত খারাপ সময়ের মধ্যে দিয়েই যাচ্ছেন। আমার মনে হয় আগের জমানার ক্রিকেটাররা এখনকার

ক্রিকেটারদের মতো সুযোগ সুবিধা পায় না। ক্রিকেট আমাদের কী দিল?

টস জিতে ব্যাটিংয়ে ইংল্যান্ড

বিশ্বকাপে নিজেদের পঞ্চম ম্যাচে শ্রীলঙ্কার বিপক্ষে মাঠে নামছে বর্তমান চ্যাম্পিয়ন ইংল্যান্ড। বৃহস্পতিবার (২৬ অক্টোবর) বেঙ্গালুরুর এম চিন্নাস্বামী স্টেডিয়ামে টস জিতে ব্যাট করার সিদ্ধান্ত নিয়েছেন ইংলিশ অধিনায়ক জস বাটলার।

এবারের বিশ্বকাপে নাজেহাল অবস্থা ইংল্যান্ডদের। বড় এখন পর্যন্ত চারটি ম্যাচ খেলে জয় পেয়েছে মাত্র একটিতে। সবশেষ ম্যাচে দক্ষিণ আফ্রিকার কাছে ১৪৯ রানের বড় ব্যবধানে হারে বর্তমান চ্যাম্পিয়নরা। সেমিফাইনালে খেলার আশা বাঁচিয়ে রাখতে এই ম্যাচে জয় পেতে মরিয়া ইংলিশরা। তিনটি পরিবর্তন নিয়ে মাঠে নামছে ইংল্যান্ড। একাদশে ফিরেছেন মইন আলি, লিয়াম লিভিংস্টোন ও ক্রিস ওকস।

ইংল্যান্ডের মতোই অবস্থা শ্রীলঙ্কার। ৪ ম্যাচে মাত্র একটিতে জয় লঙ্কানদের। তবে সবশেষ ম্যাচে নেদারল্যান্ডসকে ৫ উইকেটে হারিয়েছে শ্রীলঙ্কা। এই ম্যাচে দুই পরিবর্তন নিয়ে মাঠে নামছে লঙ্কানরা। একাদশে জায়গা পেয়েছেন অভিজ্ঞ অলরাউন্ডার আঞ্জেলো ম্যাথিউস ও পেসার লাহিরু কুমার।

ইংল্যান্ড একাদশ: ডেভিড মালান, জনি বেয়ারস্টো, জো রুট, লিয়াম লিভিংস্টোন, জস বাটলার (অধিনায়ক), বেন স্টোকস, মইন আলি, ক্রিস ওকস, ডেভিড উইলি, মার্ক উড ও আদিল রশিদ।

শ্রীলঙ্কা একাদশ: কুসল পেরেরা, পথুম নিসাঙ্কা, কুসল মেন্ডিস (অধিনায়ক), সাদিরা সামারাবিক্রমা, চরিথ আসালাঙ্কা, ধানাঞ্জয়া ডি সিলভা, অ্যাঞ্জেলো ম্যাথিউস, মহেশ থিকসানা, দিলশান মাদুশঙ্কা, কুশান রাজিথা ও লাহিরু কুমারা।

টস হেরে বোলিংয়ে বাংলাদেশ

বিশ্বকাপে নিজেদের পঞ্চম ম্যাচে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে মাঠে নামছে বাংলাদেশ। মঙ্গলবার (২৪ অক্টোবর) মুম্বায়ের ওয়াংখেড়ে স্টেডিয়াম টস জিতে বাংলাদেশকে বোলিংয়ে পাঠিয়েছেন প্রোটিয়া অধিনায়ক এইডেন মার্করাম।

জয় দিয়ে বিশ্বকাপ মিশন শুরু করেছিল বাংলাদেশ। তবে সেই ধারাবাহিকতা ধরে রাখতে পারেনি টাইগাররা। টানা হ্যাটট্রিক হারে অনেকটা পিছিয়ে আছে সাকিবরা। জয়ের ধারায় ফিরতে মুখিয়ে বাংলাদেশ। এই ম্যাচে এক পরিবর্তন নিয়ে মাঠে নামছে লাল-সবুজের প্রতিনিধিরা। ইনজুরি কাটিয়ে একাদশে ফিরেছেন অধিনায়ক সাকিব। বাদ পড়েছেন ব্যাটার তাওহিদ হৃদয়।

অপরদিকে, দারুণ ছন্দে রয়েছে দক্ষিণ অফ্রিকা। বড় জয় দিয়ে বিশ্বকাপ মিশন শুরু করেছিল প্রোটিয়ারা। শুধু নেদারল্যান্ডের বিপক্ষে ম্যাচে হোঁচট খেয়েছিল বাভুমার দল। তবে বর্তমান চ্যাম্পিয়ন ইংল্যান্ডকে ২২৯ রানের বিশাল ব্যবধানে হারিয়ে ফের ছন্দে ফিরেছে প্রোটিয়ারা। এই ম্যাচে এক পরিবর্তন নিয়ে মাঠে নামছে দক্ষিণ আফ্রিকা। লুঙ্গি এনগিডির পরিবর্তে একাদশে জায়গা পেয়েছেন লিজাড উইলিয়ামস।

বাংলাদেশ একাদশ: লিটন দাস, তানজিদ হাসান তামিম, নাজমুল হোসেন শান্ত, সাকিব আল হাসান (অধিনায়ক), মুশফিকুর রহিম, মাহমুদউল্লাহ রিয়াদ, মেহেদী হাসান মিরাজ, নাসুম আহমেদ, শরিফুল ইসলাম, হাসান মাহমুদ মুস্তাফিজুর রহমান।

দক্ষিণ আফ্রিকা একাদশ: কুইন্টন ডি কক, রেজা হেনরিখস, রাসি ভ্যান ডুসেন, এইডেন মার্করাম (অধিনায়ক), হেনরিখ ক্লাসেন, ডেভিড মিলার, মার্কো জানসেন, গেরাল্ড কোয়েটজে, কেশব মহারাজ, লিজাড উইলিয়ামস, কাগিসো রাবাদা।

মোবাইলে সেরা ৭ ক্রিকেট গেম

ক্রিকেট বিশ্বকাপ ২০২৩ শুরু হওয়ার সঙ্গে সঙ্গে চারপাশে উত্তেজনার হাওয়া বইছে। একদিকে ক্রিকেটপ্রেমীরা যখন মাঠের প্রতিটি বাউন্ডারি, প্রতিটি উইকেট ও অধিনায়কের কৌশল পরিবর্তন দেখার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছে, তখন অন্যদিকে ডিজিটাল মাঠের ক্রিকেটও তাদের মনোযোগ আকৃষ্ট করছে। আজকের লেখায় আইওএস ও অ্যান্ড্রয়েডের সেরা ৭ মোবাইল ক্রিকেট গেম নিয়ে আলোচনা করা হয়েছে।

ওয়ার্ল্ড ক্রিকেট চ্যাম্পিয়নশিপ থ্রি (ডব্লিউসিসি থ্রি) ডব্লিউসিসি থ্রিতে ক্রিকেটের বাস্তব অভিজ্ঞতা পাওয়া যাবে। অভিনব কন্ট্রোলের কারণে গেমটি খুব সহজেই খেলা যায়। পাশাপাশি এতে রয়েছে পেশাদারি ধারাভাষ্য। এতে মালটিপ্লেয়ার গেমিং সুবিধা থাকায় বন্ধুদের বা অন্য দেশের গেমারদেরও চ্যালেঞ্জ করা যায়।

ডব্লিউসিসি রাইভালস
ডব্লিউসিসি রাইভালস অনেকটা রিয়েল ক্রিকেট টুয়েন্টির মতোই অভিজ্ঞতা দেয়। এখনো খুব বেশি মানুষ এই গেমটি সম্পর্কে না জানলেও দ্রুত এর জনপ্রিয়তা বাড়ছে।

ওয়ার্ল্ড ক্রিকেট ব্যাটল টু
অ্যান্ড্রয়েড ব্যবহারকারীদের জন্য সেরা ক্রিকেট গেমের তালিকায় ওয়ার্ল্ড ক্রিকেট ব্যাটল টু বারবার উঠে আসে। এটি বেশিরভাগ অ্যান্ড্রয়েড ফোনে কোনো ঝামেলা ছাড়াই খেলা যায়।

শচীন সাগা ক্রিকেট চ্যাম্পিয়ন
ক্রিকেটের অন্যতম সেরা কিংবদন্তি শচীন টেন্ডুলকারের প্রতি শ্রদ্ধা জানিয়ে এই গেমের নাম রাখা হয়েছে ‘শচীন সাগা ক্রিকেট চ্যাম্পিয়ন’। গেমারদের অভিজ্ঞতাকে ভিন্ন পর্যায়ে নিয়ে যেতে এই গেমে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি ব্যবহার করা হয়েছে। সাম্প্রতিক সময়ে এই গেমটি মোবাইল গেমারদের কাছে অত্যন্ত জনপ্রিয়তা পেয়েছে।

রিয়েল ক্রিকেট টুয়েন্টি
মোবাইল ক্রিকেট গেমারদের কাছে রিয়েল ক্রিকেট টুয়েন্টি বেশ পরিচিত একটি নাম। এটি অ্যান্ড্রয়েডের সেরা ক্রিকেট গেমের অন্যতম। রিয়েল ক্রিকেট টুয়েন্টি খেলার সময় ক্রিকেট মাঠে উপস্থিত থেকে রান করার বা উইকেট নেওয়ার মতো অভিজ্ঞতা পাওয়া যায় বলে উল্লেখ করেছেন

গেমাররা।

স্টিক ক্রিকেট সুপার লিগ
বাস্তব উপস্থাপনা থেকে কিছুটা ভিন্ন ভিজ্যুয়ালের অভিজ্ঞতা দিতে পারে স্টিক ক্রিকেট সুপার লিগ। মোবাইল ডিভাইসের সেরা ক্রিকেট গেমের তালিকায় এটির নাম প্রায়ই শোনা যায়। বিশেষ ক্রিকেট হিসেবে এই গেম থেকে অনেকে বিনোদন পেতে পারেন।

এই গেমটিতে বাস্তবসম্মত গ্রাফিক্সের বদলে কিছুটা কার্টুনের মতো গ্রাফিক্স ব্যবহার করা হয়েছে। তবে এতে আকর্ষণ গেমটির কমে যায়নি এক বিন্দুও। মোবাইল প্ল্যাটফর্মে বারবার অন্যতম সেরা ক্রিকেট গেমের তালিকায় স্টিক ক্রিকেটের বিভিন্ন সংস্করণ স্থান পেয়ে এসেছে।

ক্রিকেট লিগ
অ্যান্ড্রয়েডের সেরা ক্রিকেট গেমের তালিকায় ক্রিকেট লিগ এক কঠিন প্রতিযোগী। এই গেমে একাধিক গেমপ্লে অপশন রয়েছে, যা অন্য কিছু গেমে পাওয়া যায় না।

একসময় মোবাইল ক্রিকেট গেম শুধুমাত্র অবসর কাটানোর উপায় হিসেবে ধরা হতো। তবে বর্তমানে যেসব মোবাইল গেম পাওয়া যায়, সেগুলো অনেকাংশেই লাইভ ম্যাচের উত্তেজনা, কৌশল ও রোমাঞ্চের প্রতিফলন ঘটানোর অত্যাধুনিক প্ল্যাটফর্মে রূপান্তরিত হয়েছে। তাই অনেকের কাছে মোবাইল ক্রিকেট গেম বিশ্বকাপ অভিজ্ঞতার অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে। বিশ্বকাপের বাকি রয়েছে আরও প্রায় এক মাস। বাংলাদেশের খেলা রয়েছে ছয়টি। সব মিলিয়ে বলা যায়, বাকি দিনগুলোতে মাঠের খেলার পাশাপাশি ডিজিটাল স্ক্রিনেও ক্রিকেট খেলা উপভোগে আগ্রহী হবেন গেমার ও মোবাইল ব্যবহারকারীরা।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

রিপন স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

কালাচাঁদপুর ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শওকত আলীর সভাপতিত্বে ফুটবল টুর্নামেন্টর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা সহ আওয়ামী লীগ, যুবলীগ এবং ছাত্রলীগের বিভিন্ন নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

পরে কালাচাঁদপুর ঈদগাহ মাঠে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টে একদিকে অংশগ্রহণ করে ছোট ভাই একাদশ অপরদিকে ইলেভেন একাদশ।

চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধু বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত



চুয়াডাঙ্গা জেলা পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭) এর ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে চুয়াডাঙ্গা